

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২১৮৬

৯. কিতাবুস সালাত (کتاب الصلاة)

পরিচ্ছেদঃ মুসল্লী ব্যক্তি সালাত আদায় করার ইচ্ছা করলে, তার জুতা রাখার ব্যাপারে বর্ণনা

ذِكْرُ وَضْعِ الْمُصلِّي نَعْلَيْهِ إِذَا أَرَادَ الصَّلَاةَ

আরবী

2186 ـ أَخْبَرَنَا عِمْرَانُ بْنُ مُوسَى بْنِ مُجَاشِعِ قَالَ: حَدَّثَنَا عُثْمَانُ بْنُ أَبِي شَيْبَةَ قَالَ: حَدَّثَنَا هَوْذَةُ بْنُ خَلِيفَةَ قَالَ: حَدَّثَنَا ابْنُ جُرَيْجٍ قَالَ: حَدَّثَنِي مُحَمَّدُ بْنُ عَبَّادِ بْنِ جَعْفَرٍ حَدَيْثَا يَرْفَعْهُ إِلَى أَبِي سَلَمَةَ بْنُ سُفْيَانَ وَعَبْدُ اللَّهِ بْنُ عَمْرِو عَنْ عَبْدِ اللَّهِ بْنِ السَّائِبِ قَالَ: حَضَرْتُ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَوْمَ الْفَتْحِ وَصَلَّى فِي الْكَعْبَةِ فَخَلَعَ نَعْلَيْهِ فَوَضَعَهُمَا عَنْ يَسَارِهِ ثُمَّ افْتَتَحَ سُورَةَ الْمُؤْمِنِينَ فَلَمَّا بَلَغَ ذِكْرَ عِيسَى ـ أو موسى ـ أخذته سعلة فركع.

الراوي: عَبْد اللَّهِ بْن السَّائِبِ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1812 | خلاصة حكم المحدث: صحيح _ ((الإرواء)) (397) , (صحيح أبى داود)) (656): م مختصراً.

বাংলা

২১৮৬. আবুল্লাহ বিন সায়িব রাদ্বিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন, "আমি মক্কা বিজয়ের দিন নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের কাছে উপস্থিত হই। তিনি কা'বায় সালাত আদায় করেন। তিনি তাঁর জুতা খুলে তাঁর বাম পাশে রাখেন। তারপর তিনি সূরা মু'মিনূন পাঠ শুরু করেন। অতঃপর যখন মুসা ও হারুন আলাইহিমুস সালাম অথবা -মুহাম্মাদ বিন আব্বাদ সংশয় প্রকাশ করেছেন- ইসা আলাইহিস সালামের আলোচনা আসলো, তখন তাঁর কাশি পেয়ে যায়, ফলে তিনি রুকু'তে চলে যান।"[1]

ফটনোট



[1] সহীহ ইবনু খুযাইমাহ: ৫৪৬; মুসনাদ আহমাদ: ৩/৪১১; সহীহ মুসলিম: ৪৫৫; মুসান্নাফ আব্দুর রাযযাক: ২৭০৭; আবূ দাউদ: ৬৪৯; নাসাঈ: ২/১৭৬; তাহাবী, শারহু মা'আনিল আসার: ১/৩৪৭; বাগাবী, শারহুস সুন্নাহ: ৬০৪; সুনান বাইহাকী: ২/৩৮৯; মুসনাদ ইমাম শাফে'ঈ: ১/৭৭; হুমাইদী: ৮২১; ইবনু মাজাহ: ৮২০।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ৬৫৬)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু সাইব (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন